# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

স্মারক নংঃ- ৪৬.৪৪.৬৭০০.০০৪.০৫(৫).২৮.১৫.৪৫৬ তারিখঃ ৩১/০৭/২০১৯ খ্রি.

## জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

অনুষ্ঠানের তারিখ ঃ ১৪-০৭-২০১৯ খ্রি.।
অনুষ্ঠানের সময় ঃ সকাল ১১.০০ ঘটিকায়।
অনুষ্ঠানের স্থান ঃ নগর ভবন প্রাঙ্গন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

উপস্থিত ছিলেন ঃ ডাঃ সেলিনা হায়াৎ আইভী
মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
এবং
এনসিসি'র কাউন্সিলরবৃন্দ।

জাইকার অর্থায়নে সিটি গভার্নেন্স প্রকল্প (সিজিপি) এর কার্যক্রম হিসাবে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান আয়োজন করেন। এ কর্মসূচীতে কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। সকাল ১১.০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগণের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন ডাঃ সেলিনা হায়াৎ আইভী, মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

এ পর্যায়ে জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের মূল পর্ব "প্রশ্নোত্তর পর্ব" শুরু হয়। পশ্নোত্তর পর্বের সঞ্চালক হিসাবে দায়িত্ব পালন করেন জনাব এ,এফ,এম,এহতেশামূল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

**অংশগ্রহণকারী -১ঃ জনাব প্রর্জা রানী, ঋষিপাড়া, বন্দর, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ-** **প্রতি ওয়ার্ডে ওয়ার্ডে পাঠাগার নির্মাণ প্রয়োজন। এ বিষয়ে এন.সি.সি কোন পদক্ষেপ গ্রহণ করবে কিনা।**

**জবাবঃ-** মাননীয় মেয়র সময়োপযোগী বিষয় উপস্থাপনের জন্য প্রশ্নকারীকে ধন্যবাদ জানান এবং পাঠাগার নির্মাণের মহল্লা ভিত্তিক উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। এক্ষেত্রে মহল্লাবাসীর আবেদনের

প্রেক্ষিতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বইপত্র/আসবাবপত্র ক্রয় সহ প্রয়োজনীয় সহযোগীতার আশ্বাস প্রদান করেন।.

**অংশগ্রহণকারী -২ঃ জনাব রফিকুল ইসলাম জীবন, সাংবাদিক, দৈনিক জন্মভূমি।**

**প্রশ্ন ঃ-** **অবৈধ ভাবে অটো রিক্সা চলছে এবং যত্রতত্র পার্কিং এর ফলে যানযট সৃষ্টি হচ্ছে উল্লেখ করে তিনি জানতে চান যে, এ বিষয়ে এ.সি.সি কোন পদক্ষেপ গ্রহণ করবে কিনা?**

**জবাবঃ-** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রতিদিন অবৈধ রিক্সা আটক করছে। যানযট নিরসনে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও কার্যকর পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।

**অংশগ্রহণকারী -৩ঃ জনাব তারেক বিন ইউসুফ, বাপা, নারায়ণগঞ্জ শাখা।**

**প্রশ্নঃ-** **মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের কারনে বেওয়ারিশ কুকুর নিধন সম্ভব হচ্ছে না। কিন্তু নগরবাসী কুকুরের যন্ত্রণায় অতিষ্ট বলে উল্লেখ করে তিনি মহামান্য আপিল বিভাগে আইনগত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।**

**জবাবঃ** প্রশ্নের জবাবে মাননীয় মেয়র জানান যে, মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের কারনে আপাতত কোন আইনগত পদক্ষেপ গ্রহণ ও কুকুর নিধন সম্ভব নয়।

**অংশগ্রহণকারী -৪ঃ জনাব আরিফ মিহির, নির্বাহী পরিচালক, গ্রিন ফর পিচ, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ-** **২নং রেল গেট হতে চাষাড়া পর্যন্ত রেল লাইন এর পাশ দিয়ে সড়ক নির্মাণ করলে যানজট কমবে, মর্মে তিনি এ সড়ক নির্মাণের দাবী জানান?**

**জবাবঃ** এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, ২নং রেল গেট হতে চাষাড়া পর্যন্ত রেল লাইনের পাশে সড়ক নির্মাণ কাজ শুরু হয়েছিল। কিন্তু রেল কর্তৃপক্ষের মামলার কারনে তা সমাপ্ত করা যায়নি।

**অংশগ্রহণকারী -৫ঃ জনাব মরিয়ম কল্পনা, নাগরিক সমাজ, নারায়নগঞ্জ।**

**প্রশ্নঃ** **ওয়াসার পাইপ লাইন লিকেজ হওয়ার কারনে সড়কের বিভিন্ন স্থানে গর্ত ও জলাবদ্ধতার সৃষ্টি হয়, এ বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করেছেন কী?**

**জবাবঃ** এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, বিগত কয়েক বছরে ওয়াসাকে প্রায় ৪০টি পত্র প্রদানের মাধ্যমে ক্ষতিপূরণ দাবী করা হয়েছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ক্ষতি পূরণের দাবীর পরিমান প্রায় আড়াই কোটি টাকা।

**অংশগ্রহণকারী -৬ঃ জনাব শহিদুল ইসলাম মৃধা, সভাপতি, সোনাকান্দা হোয়াইট ক্লাব, বন্দর, নাঃগঞ্জ।**

**প্রশ্নঃ** ক) শীতলক্ষ্যা নদীর পানি পরিষ্কার করণ এবং সিমেন্ট কারখানার বিরুদ্ধে অভিযোগ?

খ) সিমেন্ট ফ্যাক্টরীগুলো নদী দখল করছে, এর বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ করা হবে কিনা?

**জবাবঃ** জবাবে মাননীয় মেয়র মহোদয় বলেন সিমেন্ট ফ্যাক্টরী স্থাপনের অনুমতি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রদান করে না এবং আমার দায়িত্বকালীন সময়ে কোন সিমেন্ট ফ্যাক্টরী নির্মাণ হয়নি। এ

সকল সিমেন্ট ফ্যাক্টরীসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের কারনে শীতলক্ষ্যা নদীর পানি দূষিত হচ্ছে। এ বিষয়ে সভার আয়োজনসহ পরিবেশ অধিদপ্তরকে পত্র প্রদান করা হয়েছে। আশা করি শিল্প প্রতিষ্ঠানসহ সকল সরকারী প্রতিষ্ঠান আন্তরিক হলে নদী দূষন কমানো সম্ভব হবে। এ বিষয়ে তিনি উপস্থিত সকল নাগরিকবৃন্দকে সচেতন ও দায়িত্বশীল ভূমিকা পালনের অনুরোধ জানান।

**অংশগ্রহণকারী -৭ঃ জনাব কামরুল হুদা বাবু, সিনিয়র সহ-সভাপতি, মহানগর আওয়ামী যুবলীগ, নারায়ণগঞ্জ শাখা।**

**প্রশ্নঃ বর্তমানে সারা বিশ্বে ঘন ঘন ভূমিকম্প হচ্ছে। বাংলাদেশের নারায়ণগঞ্জ অতন্ত ঝুকি প্রবণ এলাকা। এ বিষয়ে এন.সি.সি কি প্রস্তুতি গ্রহণ করেছে?**

**জবাবঃ** ভূমিকম্পের জন্য ঝুকিপূর্ন ভবন চিহ্নিত করার কাজ চলছে এবং ওয়ার্ড ভিত্তিক নাগরিকদের প্রশিক্ষণ দিয়ে স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করা হয়েছে। এছাড়াও ভূমিকম্প পরবর্তী উদ্ধার কার্যক্রম পরিচালনার জন্য যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। এসকল কার্যক্রম ফায়ার সার্ভিস আমাদের সক্রিয় সহযোগীতা করছে।

**অংশগ্রহণকারী -৮ঃ জনাব জি.এম. জব্বার চিশতী, সভাপতি, কল্যানী সেবা প্রতিষ্ঠান, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ হোল্ডিং ট্যাক্স কমানোর দাবী জানান।**

**জবাবঃ** উপরোক্ত প্রশ্নের জবাবে মাননীয় মেয়র ডাঃ সেলিনা হায়াৎ আইভী বলেন যে, আপাতত হোল্ডিং ট্যাক্স কমানো সম্ভব নয়। কারন হোল্ডিং ট্যাক্সের রেট/হার নির্ধারন করে বাংলাদেশ সচিবালয়।

**অংশগ্রহণকারী -৯ঃ জনাব সুনিল চন্দ্র দাস, সিমরাইল, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ ই-গর্ভানেন্স বাস্তবায়নের জন্য এন.সি.সি কি কি পদক্ষেপ গ্রহণ করেছে?**

**জবাব ঃ** ইতিমধ্যে ই-গর্ভানেন্স এর অধীনে সিটি কর্পোরেশনের কর আদায়, ট্রেড লাইসেন্স যথাক্রমে মিউনিসিপ্যাল ট্যাক্স সফটওয়্যার, মিউনিসিপ্যাল ট্রেড লাইসেন্স এর মাধ্যমে অটোজেনারেট করা হয়। এমনকি, হিসাবরক্ষন শাখা সকল কার্যক্রম মিউনিসিপ্যাল একাউন্টিং সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন করেন। অধিকন্তু ই-গর্ভানেন্স এর আওতায় সকল নাগরিকের মোবাইল নাম্বার নিবন্ধনের মাধ্যমে জরুরী ক্ষুদেবার্তা পাঠানো হয়।

**অংশগ্রহণকারী -১০ঃ জনাব শাহজাহান ভূইয়া জুলহাস, কমান্ডার, সদর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ।**

**প্রশ্নঃ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান ও পৌরকর মওকুফ করায় মেয়র মহোদয়ের কর্তৃক ধন্যবাদ জ্ঞাপন করেন এবং প্রত্যেক ওয়ার্ড ভিত্তিক সমন্বয় কমিটি (WLCC) তে মুক্তিযোদ্ধাদের অন্তর্ভূক্ত করার অনুরোধ জানান।**

**জবাবঃ** WLCC এর ফরমেশন সিজিপি থেকে করা হয়েছে। এই কমিটিতে মুক্তিযোদ্ধাদের অন্তর্ভূক্ত করণের বিষয়টি যথাযোগ্য কর্তৃপক্ষকে অবহিত করার আশ্বাস প্রদান করেন।

**অংশগ্রহণকারী -১১ঃ জনাব মাহবুবুর রশিদ টিটু, সভাপতি, মদনগঞ্জ বনিক সমিতি।**

**প্রশ্নঃ কদমরসূল সেতু নির্মাণ কাজ কবে নাগাত শুরু হবে?**

**জবাবঃ** মাননীয় মেয়র মহোদয় জানান যে, কদমরসূল সেতু প্রকল্পটি ইতিমধ্যে একনেক সভায় অনুমোদন হয়েছে। টেন্ডার প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে, চলতি বছরের শেষ নাগাত টেন্ডার আহ্বান করা যেতে পারে।

**সমাপনী বক্তব্যঃ** মেয়র মহোদয় বলেন, শত ব্যস্ততার মধ্যে হাজার হাজার সম্মানিত নাগরিক যোগদান করে অনুষ্ঠানটিকে সাফল্য মন্ডিত করেছেন। তাই আপনাদের প্রতি আমি কৃতজ্ঞ। তিনি আরো বলেন যে, শুধু এই অনুষ্ঠানের মাধ্যমে নয়, আমরা নগর তথ্যসেবা কেন্দ্র ও বিভিন্ন সভা/সেমিনারের মাধ্যমে স্বচ্ছতার পরীক্ষা দিচ্ছি এবং উত্তীর্ন হয়েছি। তাই আপনার সাথে থাকবেন, সকল বাধা অতিক্রম করবো। সর্বশেষ তিনি বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নির্বাচন সন্নিকটে, এই নির্বাচনকে সামনে রেখে নারায়ণগঞ্জের একটি প্রভাবশালী মহল ষড়যন্ত্র করছে। তারা বিভিন্ন সময় বিভিন্ন জনের মনোনয়ন দিচ্ছে। আমি শুধু বলতে চাই নৌকার মালিক বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনা। আমি আশা করি মাননীয় প্রধানমন্ত্রী আমাকেই মনোনয়ন দিবেন এবং আপনারা সকলে আমার বিগত দিনের কাজের মূল্যায়ণ ও ভোট দিয়ে জয়যুক্ত করবেন। আপনারা ভাল থাকবেন, নাগরিক দায়িত্ব পালন করবেন।

-- আল্লাহ্ হাফেজ।

(এ,এফ,এম, এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
E-mail:ceo@ncc.gov.bd

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

উন্নয়ণনের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

**১৪ জুলাই ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" এর প্রতিবেদন।**

১। জনগণের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানে অত্র সিটি কর্পোরেশনের কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। সকাল ১১:০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগনের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। এ অনুষ্ঠানে অংশগ্রহণকারী বিভিন্ন বয়স ও পেশার ২৪ জন নাগরিকের স্বাক্ষাতকার গ্রহণ করা হয়। উক্ত অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের জবাবে এ প্রতিবেদন প্রস্তুত করা হয়।

২। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠানে আলোচ্যসূচী ছিল নিম্নরূপঃ

(ক) সিজিপি (সিটি গর্ভনেন্স প্রকল্প) সম্পর্কে আলোচনা।
(খ) ট্যাক্স সম্পর্কিত আলোচনা।
(গ) ই-গভার্নেন্স।
(ঘ) পরিবেশ ও উন্নয়ণ।
(ঙ) নারীর ক্ষমতায়ন।
(চ) নাগরিক সেবা।
(ছ) চলমান উন্নয়ণ প্রকল্প।
(জ) ভবিষ্যৎ উন্নয়ণ প্রকল্প।
(ঝ) দারিদ্রহ্রাসকরণ কার্যক্রম।
(ঞ) জন্ম নিবন্ধন।
(ট) লাইসেন্স নবায়ন।
(ঠ) বিবিধ।

৩। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠান শেষে অতিথি ও স্টেকহোল্ডার সংগঠনের প্রতিনিধিদের কাছ থেকে ইভেন্ট সম্পর্কে মন্তব্য।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মোঃ শহীদুল<br>শিক্ষক | জনতার মুখোমুখি অনুষ্ঠানের মধ্যদিয়ে জনগণ সরাসরি সিটি কর্পোরেশনের যাবতীয় তথ্য জানার সুযোগ হয়েছে তার জন্য আমরা নারায়ণগঞ্জ বাসী কৃতজ্ঞ থাকবে। |
| ০২ | মোঃ সবুজ ইসলাম<br>সদস্য নারায়ণগঞ্জ মহানগর ছাত্রলীগ। | আমার কাছে জনতার মুখোমুখি প্রতিবছর হওয়া দরকার, ভাল লাগে মেয়র মহাদয় সুন্দর ভাবে সকলের উত্তর দেয়, এই অনুষ্ঠানের মাধ্যমে নারায়ণগঞ্জ এর সকল উন্নয়নের কথা জানতে পারি। |
| ০৩ | মীনা রানী শীলা<br>সদস্য জেলা পরিষদ ও সদস্য জেলা আওয়ামি লীগ। | আমার কাছে ভালো লেগেছে কারণ মাননীয় মেয়র মহদয় জনতার মুখোমুখি সুন্দর ভাবে সকলের উত্তর দিয়েদেন। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০৪ | সেলিনা মাহমুদ মাসুমা<br>সমাজ সেবিকা | জনতার মুখোমুখি ও বাজেট আলোচনা সুন্দর হয়েছে। |
| ০৫ | মানিক চন্দ্র দাস<br>ব্যবসায়ী | জনতার মুখোমুখি এবং বাজেট আলোচনা সঠিক হয়েছে। |
| ০৬ | লুতফা কবির<br>গৃহিনী | মেয়র ডাঃ সেলিনা হায়াত আইভী নির্বাচিত হওয়ার আগে নাঃগঞ্জ সিটি কর্পোরেশন অন্ধকারে নিমজ্জিত ছিল। খুন, গুম, মাদক, ধর্ষন এ ভর্তি ছিল। মেয়র মহাদয় আসার পর তা কমে গেছে। |
| ০৭ | শফিকুল ইসলাম<br>চাকুরী | অত্যন্ত সুপরিছন্ন একটি উদ্যেগ যাতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের জনগণ তাদের ইচ্ছার কথা জানতে পারেন এবং বলতে পারেন। |
| ০৮ | মোঃ ফরিদ<br>ব্যবসায়ী | অনুষ্ঠান ভালো হয়েছে। |
| ০৯ | মোঃ রবিউল ইসলাম<br>ব্যবসায়ী | এই অনুষ্ঠান দরকার আছে। ভালো লেগেছে। |
| ১০ | শিল্পী সাহা<br>প্রজেক্ট এ কর্মরত | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি আয়োজন করার ফলে সাধারন জনগন তাদের মতামত প্রদান করতে পারে বিধায় আমি অত্যন্ড় সন্তস্ট, তবে অনুষ্ঠানটি বড় পরিসরে আয়োজন করা দরকার। |
| ১১ | সামিয়া<br>গৃহিনী | আমার কাছে ভাল লেগেছে জনগনের সাথে মেয়রের যোগাযোগ ও আন্তরিকতা। |
| ১২ | সুফিয়া পারভেজ<br>গৃহীনি | উন্নয়নের ধারাকে অব্যহত রাখতে পত্যাশা রইল। |
| ১৩ | মোঃ আব্দুল খালেক<br>চাকরী | জনতার মুখোমুখি মতামত নেওয়ার জন্য এই অনুষ্ঠান টা সঠিক। |
| ১৪ | সামসুন নাহার<br>গৃহীনি | জনতার মুখোমুখি অনুষ্ঠানটি খুব সুন্দর। এতে জনগন জনতার মখোমুখি হতে পারে। |
| ১৫ | মোঃ কবির হোসেন<br>প্রবাসী | জনতার মুখোমুখি খুব সুন্দর একটা অনুষ্ঠান। এতে করে জনগন মুখোমুখি হয়ে তাদের মতামত দিতে পারে। |
| ১৬ | এ কে এম শাহ আলম<br>ব্যবসা | নাগরিকের কল্যাণে এ উদ্যেগ নিঃসন্দেহে প্রসংশার দাবী রাখে। পর্যায়ক্রমে বেশী সংখ্যক নাগরিকের বক্তব্য রাখার পরিধি বৃদ্ধি করলে ব্যপক জনমত জানতে এবং তদপুযায়ী কার্যক্রম গ্রহণ সহায়ক হবে। |
| ১৭ | কাজী নজরুল ইসলাম<br>ব্যবসা | আমি আনন্দিত এই অনুষ্ঠানে উপস্থিত হতে পেরে। |
| ১৮ | ফরিদা লতিফ<br>চাকুরী | উন্নয়নের গতিধারাকে উন্নত করতে প্রত্যশা রহিল। ভবিষ্যতে আরো ভাল কিছু পাওয়ার প্রত্যশা রইল। |
| ১৯ | নাজমুল হাসান<br>ব্যবসায়ী | খুব ভাল লেগেছে, ভবিষ্যতে আরো ভাল লাগবে বলে আশা করি। |
| ২০ | জি এম মাসুদ<br>সাংবাদিকতা | জনতার মুখোমুখি পর্বটি আরো দীর্ঘ করা প্রয়োজন, যাতে বেশি সংখ্যক নাগরিক তাদের অভিযোগ ও মতামত উপস্থাপন করতে পারে। |
| ২১ | আজিমউদ্দিন<br>ব্যবসা | অনুষ্ঠানটি ভালো লেগেছে, এটি একটি খুবেই সুন্দর অনুষ্ঠান। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ২২ | মোঃ সফিকুল ইসলাম লিটন<br>ব্যবসা | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর এই জনতার মুখোমুখি অনুষ্ঠান আমার কাছে ভালো লেগেছে। |
| ২৩ | মোহাম্মদ ইউসুফ<br>চাকুরী | উন্নয়নের গতিধারাকে অব্যাহত রাখার প্রত্যাশা রইল। |
| ২৪ | তাহমিনা পারভীন<br>গৃহীনি | উন্নয়নের ধারা অব্যাহত রাখুক, এটাই প্রত্যাশা। |

৪। জনগনের প্রতিক্রিয়ার (মতামত,দাবী/অভিযোগ) বর্ণনা।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মোঃ শহীদুল<br>শিক্ষক | জনগণ মতামত নেওয়ার জন্য যে সময় নির্ধারণ করা হয়েছে তা খুবেই স্বল্প, সময় যদি আরোও বাড়ানো হয় তাহলে জনগণ তাদের মতামত বিস্তারিত ভাবে প্রকাশ করতে পারবে। |
| ০২ | মোঃ সবুজ ইসলাম<br>সদস্য নারায়ণগঞ্জ মহানগর ছাত্রলীগ। | ১। স্কুল কলেজ ও বিশ্ববিদ্যালয় গুলো উন্নয়ন করা।<br>২। হাসপাতাল গুলো পরিস্কার পরিছন্ন ও উন্নয়ন করা। |
| ০৩ | মীনারানী শীলা<br>সদস্য জেলা পরিষদ ও সদস্য জেলা আওয়ামিলীগ। | (ক) বিশ্ববিদ্যালয় উন্নয়ন করা।<br>(খ) হাসপাতাল গুলো উন্নয়ন করা। |
| ০৪ | সেলিনা মাহমুদ মাসুমা<br>সমাজ সেবিকা | মেয়র মহোদয়কে ধন্যবাদ। তিনি এমন একটা জনসভা দেওয়ার জন্য। |
| ০৫ | মানিক চন্দ্র দাস<br>ব্যবসায়ী | নগর পরিকল্পনা নিয়ে আলোচনা করা। |
| ০৬ | লুতফা কবির<br>গৃহিনী | (ক) কঠিন বর্জ্য ব্যবস্থাপনা ও ডাম্পিং গ্রাউন্ড।<br>(খ) পর্যাপ্ত অবকাঠামো উন্নয়ণ। |
| ০৭ | শফিকুল ইসলাম<br>চাকুরী | সাস্থসেবার সুনির্দিষ্ট দিক নির্দেশনা।<br>যানজট নিরসনের বিষয়ে আরোও পদক্ষেপ। |
| ০৮ | মোঃ ফরিদ<br>ব্যবসায়ী | বেকার মুক্ত নারায়ণগঞ্জ গড়া। |
| ০৯ | মোঃ রবিউল ইসলাম<br>ব্যবসায়ী | মন্তব্য নাই। |
| ১০ | শিল্পী সাহা<br>প্রজেক্ট এ কর্মরত | শিক্ষা ও সংসকৃতি বিষয়ক আলোচনা।<br>ধর্ষন প্রতিরোধ ও গন সচেতনাতামূলক।<br>বর্জ্য ব্যবস্থাপনার জন্য জনগনকে সচেতন করা। |
| ১১ | সামিয়া<br>গৃহিনী | (ক) মৌলিক চাহিদা ঠিকমতো দেয়া হচ্ছে কিনা।<br>(খ) নাগরিক অধিকারসমূহ যাচাই করন। |
| ১২ | সুফিয়া পারভেজ<br>গৃহীনি | (ক) যানযট নিরসন ব্যবস্থা আরো উন্নত করা।<br>(খ) পানি সরবরাহ ব্যবস্থা আরো উন্নত করা। |
| ১৩ | মোঃ আব্দুল খালেক<br>চাকরী | জনগনের চাহিদার দাম দেওয়া। |
| ১৪ | সামসুন নাহার<br>গৃহীনি | এন সি সি এর জনসভায় ভবিষ্যত ময়লা-আবর্জনা বিষয়ে আরো কর্মকান্ড বাড়াতে হবে। |
| ১৫ | মোঃ কবির হোসেন<br>প্রবাসী | যে কাজগুলো চলমান আছে তা পুরোপুরি হয়ে যাবে। বিশেষ করে কদম রসুল ব্রীজ সম্পর্কে। |

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ১৬ | এ কে এম শাহ্ আলম<br>ব্যবসা | (ক) শীতলক্ষ্যা সেতু বাস্তবায়ন।<br>(খ) নাগরিক সেবার লক্ষে আরো ডিজিটাল পদ্ধতি বাড়ানো দরকার। |
| ১৭ | কাজী নজরুল ইসলাম<br>ব্যবসা | বর্জ্য ব্যবস্থাপনার জন্য উন্নত ব্যবস্থা করা।<br>শীতলক্ষ্যা সেতু বাস্তবায়ন। |
| ১৮ | ফরিদা লতিফ<br>চাকুরী | (ক) বর্জ্য ব্যবস্থাপনার জন্য জনগনকে সচেতন করা।<br>(খ) বিশুদ্ধ পানির সুব্যস্থা করা। |
| ১৯ | নাজমুল হাসান<br>ব্যবসায়ী | সেতু নির্মাণ প্রকল্প।<br>মাদক দ্রব্য নিরাময় প্রকল্প।<br>যুব সমাজ কল্যান উন্নয়ন প্রকল্প। |
| ২০ | জি এম মাসুদ<br>সাংবাদিকতা | উপস্থিত নাগরিকদের সমস্যা ও মতামত দেয়ার সময় বর্ধিত করা হলে, প্রায় সকল সমস্যা গুলো উঠে আসবে। |
| ২১ | আজিম উদ্দিন<br>ব্যবসা | বর্জ্য অপসারন ব্যবস্থা<br>সেতু নির্মাণ প্রকল্প<br>স্কুল কলেজ ও হাসপাতাল নির্মাণ |
| ২২ | মোঃ ফয়সাল আহম্মেদ দোলন<br>ব্যবসায়ি | (ক) মৌলিক চাহিদা দেয়া হচ্ছে কিনা।<br>(খ) নাগরিক অধিকার সমূহ যাচাই করন তৃনমূল পর্যায় থেকে। |
| ২৩ | মোহাম্মদ ইউসুফ<br>চাকুরী | (ক) মৌলিক চাহিদা দেয়া হচ্ছে কিনা।<br>(খ) নাগরিক অধিকার সমূহ যাচাই করন তৃনমূল পর্যায় থেকে। |
| ২৪ | তাহমিনা পারভীন<br>গৃহীনি | যে কাজ গুলো হয়নি সেটা যাতে দ্রুত সম্ভব হয় সেই দিকে খেয়াল রাখা। |

৫। "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের প্রস্তাবিত বাজেট ও প্রকৃত ব্যয় ঃ

| ক্রঃ নং | আইটেম | প্রস্তাবিত বাজেট | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ০১ | সাজসজ্জা | ৩,৪৫,০০০/- | ৩,৩৫,০০০/- |
| ০২ | (এলইডি স্ক্রিন, জেনারেটর) | ১,১০,০০০/- | ৯০,০০০/- |
| ০৩ | মুদ্রণ | ৬০,০০০/- | ৫৫,০০০/- |
| ০৪ | সাউন্ড সিস্টেম | ৫৫,০০০/- | ৫০,০০০/- |
| ০৫ | শিল্পীবৃন্দ | ৪৫,০০০/- | ৪০,০০০/- |
| ০৬ | স্পিকার | ৪০,০০০/- | ৩৫,০০০/- |
| ০৭ | ফুল/ ব্যানার | ৩৮,০০০/- | ৩৩,০০০/- |
| ০৮ | অন্যান্য | ৩২,০০০/- | ২৭,০০০/- |
| | মোট= | ৭,২৫,০০০/- | ৬,৭১,০০০/- |

৬। প্রশ্নাবলী সংক্রান্ত সংক্ষিপ্ত ফলাফলঃ- সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ ও কার্যক্রম সম্পর্কে সঠিক ধারনা ও দাবীসমূহ বাস্তবায়নের সম্ভাব্য সময় সম্পর্কে জনগণ অবগত হলেন।

৭। অংশগ্রহণকারী ঃ-

| ক্রঃ নং | অংশগ্রহণকারীর ধরন | সংস্থা (সংখ্যায়) | প্রধান প্রধান নাম |
|---|---|---|---|
| ০১ | আমন্ত্রিত অতিথি | ২,২০০ | সিএসসিসি, সিডিসিসি, ডব্লিউএলসিসি, পঞ্চায়েত কমিটি, ও নাগরিক বৃন্দ। |
| ০২ | জাতীয় সংস্থা | ৫৫ | জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, এলজিইডি, মহিলা পরিষদ, রাজনৈতিক দল ও অন্যান্য। |
| ০৩ | প্রাইভেট সেক্টর | ২৯০ | চেম্বর অফ কমার্স, বি.কে.এম.ই.এ, হোসিয়ারী মালিক সমিতি, ইয়াং মার্চেন্ট এসোসিয়েশন, বাস মালিক সমিতি, রেস্তোরা মালিক সমিতি, লবন মালিক সমিতি ও অন্যান্য। |
| ০৪ | বেসরকারী সংস্থা | ২৪০ | আশা, ব্রাক, এইড বাংলাদেশ, গ্রামীন ব্যাংক, সাজেদা ফাউন্ডেশন, বি.এম.এ, ফুটবল এসোসিয়েশন, বঙ্গবীর সংসদ, নারায়ণগঞ্জ হার্ড ফাউন্ডেশন, উত্তরণ সংসদ ও অন্যান্য। |
| ০৫ | অন্যান্য সংস্থা | ২০০ | নাগরিক কমিটি, প্রেসক্লাব, আমরা নারায়ণগঞ্জবাসী, সিডিসি, বস্তি উন্নয়ন ফেডারেশন, সিডিসি, খেলাঘর, সম্মিলিত সাংস্কৃতিক জোট, বার এসোসিয়েশন, শিক্ষক সমিতি ও অন্যান্য। |

"জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান শেষে বিভিন্ন পেশা ও বয়সের ২৪ জন অংশগ্রহণকারীর সাক্ষাতকার গ্রহণ করা হয়, যার ভিত্তিতে এ প্রতিবেদন প্রস্তত করা হলো।

(এ,এফ,এম, এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
E-mail: cco@ncc.gov.bd